

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১ ৭১-৭২ পুরাতন
এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।



২৪.০১.২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:


সভাপতি	মোঃ রাকিব উদ্দিন প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড টেলিকমিউনিকেশন)
সভার তারিখ	২৪ জানুয়ারি ২০২১
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	Zoom Online সভা
উপস্থিতি	১. জনাব খালিদ সাইফুল্লাহ সরদার, উপ-প্রকল্প ব্যবস্থাপক(সিপি-০৫), এমআরটি (লাইন-৬) ২. জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), ডিএমআরটিডিপি (লাইন-৬) ৩. জনাব মোঃ জুয়েল শিকদার, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬) ৪. জনাব মোঃ উজ্জ্বল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬) ৫. জনাব মোঃ শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)

Zoom Online এর মাধ্যমে অনুষ্ঠিত সভায় সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন	বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে সভায় উপস্থিত সদস্যগণের পক্ষ হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	
২.	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা	সভায় জানানো হয় যে, ২০২০-২০২১ সালের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ডিএমটিসিএল-এর তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। ডিসেম্বর ২০২০ পর্যন্ত কর্মপরিকল্পনার ৯ টি সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ডিএমটিসিএল সংশ্লিষ্ট অবশিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার উপর গুরুত্ব আরোপ করা হয়।	কর্মপরিকল্পনা অনুযায়ী এ বছরের অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	ইনোভেশন টিম, ডিএমটিসিএল

৩.	উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকরণ	সভায় উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে ২০২০-২১ অর্ধবছরের কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্ত করা হয়। প্রতিবেদনখানা যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।	অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনখানা যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করতে হবে।	ইনোভেশন ফোকাল পার্সন, ডিএমটিসি এল
৪.	উদ্ভাবকগণের সঙ্গে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে টিমের সভা	২০২০-২১ সালের জন্য বাছাইকৃত উদ্ভাবনী ধারণা 'ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ' পাইলটিং কাজের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আইডিয়াটির প্রস্তাবক জনাব আরিফুর রহমান সভায় জানান যে, ইতোমধ্যে আইডিয়াটির বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী তা বাস্তবায়নের কার্যক্রম শুরু করা হয়েছে। আগামী ২৮ জানুয়ারি প্রথম ডাটা আপলোড করার লক্ষ্য স্থির করা হয়েছে। এ বিষয়ে তিনি ইনোভেশন টিমের সকল সদস্যের সহযোগিতা কামনা করেন।	উদ্ভাবনী ধারণা 'ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ' পাইলটিং কাজের বাস্তবায়ন বিষয়ে আইডিয়াটির প্রস্তাবককে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।	ইনোভেশন টিম, ডিএমটিসি এল
৫.	উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একদিনের কর্মশালা/সেমিনার আয়োজন	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী একদিনের কর্মশালা/সেমিনার আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। করোনা উদ্ভূত পরিস্থিতি বিবেচনায় রেখে স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্মশালা/সেমিনার আয়োজন করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সদস্যগণ মত প্রকাশ করেন।	উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে আগামী ফেব্রুয়ারি ২০২১ মাসের সুবিধাজনক সময়ে একদিনের কর্মশালা/সেমিনার আয়োজন করতে হবে।	ইনোভেশন অফিসার ও ইনোভেশন টিম ডিএমটিসিএল

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ রাকিব উদ্দিন

প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড
টেলিকমিউনিকেশন)


স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯.২

তারিখ: ১৩ মাঘ ১৪২৭

২৭ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রকল্প ব্যবস্থাপক-২ (সিপি-০৩ এবং সিপি-০৪), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
- ২) উপ-প্রকল্প ব্যবস্থাপক (সিভিল) (সিপি-০৫), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
- ৩) মো: জুয়েল শিকদার, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৪) মো: শহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৫) মো: উজ্জ্বল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৬) মো: আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল) (সিপি-০৩ ও ০৪), ডিএমআরটিডিপি (লাইন-৬)



মোঃ রাকিব উদ্দিন

প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড
টেলিকমিউনিকেশন)